# সার্টিফিকেটে নাম ও জন্ম তারিখ সংশোধন নিয়ে জরুরি নির্দেশনা বোর্ডের

**নিজস্ব প্রতিবেদক**

প্রকাশ: ০৪ জুলাই, ২০২৬ ১৭:৩৭

---

---




সংগৃহীত ছবি

সার্টিফিকেটে নাম ও জন্ম তারিখ সংশোধনের আবেদন নিয়ে শিক্ষার্থীদের হয়রানি বন্ধে নতুন নির্দেশনা দিয়েছে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। শনিবার (৪ জুলাই) বোর্ডের সচিব অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দারের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা দেওয়া হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বোর্ডের অধিভুক্ত সব শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের শিক্ষার্থী বা আবেদনকারীদের নাম ও জন্ম তারিখ সংশোধনের আবেদন নির্ভুলভাবে সম্পন্ন হওয়ার সঙ্গে সঙ্গে দ্রুত বোর্ডে ফরোয়ার্ড করতে হবে।

বোর্ড জানায়, অনেক প্রতিষ্ঠানে আবেদন সম্পন্ন হওয়ার পরও সময়মতো ফরোয়ার্ড না করায় আবেদনকারীরা অপ্রয়োজনীয় ভোগান্তি ও হয়রানির শিকার হচ্ছেন। এমন পরিস্থিতি কোনোভাবেই গ্রহণযোগ্য নয় বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd
১৩-১৪ জয়নাগ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

স্মারক নং : ৭৯১(ক)

তারিখ : ০২-০৭-২০২৬

## বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা -এর আওতাধীন সকল শিক্ষা প্রতষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান থেকে নাম এবং জন্ম তারিখ সংশোধনের লক্ষে আগত শিক্ষার্থী/আবেদনকারীদের আবেদন সঠিকভাবে সম্পন্ন হওয়ার পর দ্রুততম সময়ের মধ্যে ফরওয়ার্ড করে ঢাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে লক্ষনীয়, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষার্থী/আবেদনকারীদের নাম এবং জন্ম তারিখ সংশোধনের আবেদন সঠিকভাবে সম্পন্ন হওয়ার পর যথাসময়ে ফরওয়ার্ড না করায় তাঁরা বিভ্রান্ত এবং হয়রানির শিকার হচ্ছে। যা কোনভাবেই কাম্য নয়। এ ছাড়া আবেদনকারী বা তার অভিভাবকের মোবাইল নাম্বার আবেদনপত্রে আবশ্যিকভাবে দিতে হবে। প্রতিষ্ঠান বা অন্য কারো মোবাইল নাম্বার দেয়া যাবে না।

**এ বিষয়ে সকলকে সচেতন এবং সতর্ক হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

০২।০৭।২০২৬

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার
সচিব
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-২২২৩৩৬৯৮১৩

এ ছাড়া আবেদনপত্রে অবশ্যই আবেদনকারী অথবা তার অভিভাবকের মোবাইল নম্বর ব্যবহার করতে হবে।

শিক্ষাপ্রতিষ্ঠান বা অন্য কোনো ব্যক্তির মোবাইল নম্বর আবেদনপত্রে দেওয়া যাবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট সব শিক্ষা প্রতিষ্ঠানকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন এবং নির্দেশনা যথাযথভাবে অনুসরণের আহ্বান জানিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড।